প্রগতিশীল প্রযুক্তি
অন্তর্ভূক্তিমূলক
উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ধনবাড়ী, টাঙ্গাইল
www.doict.dhanbari.tangail.gov.bd

DoICT

**উপজেলা আইসিটি কমিটির মে/২০২৫ মাসের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শাহীন মাহমুদ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, ধনবাড়ী, টাঙ্গাইল। |
| সভার স্থান | : | সভাকক্ষ, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল। |
| সভার তারিখ ও সময় | : | ২০/০৫/২০২৫, সকাল ৯.০০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক। |

উপস্থিত সকলে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহে আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনা | সভার শুরুতে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত উপস্থাপন করা হয়। সিদ্ধান্তসমূহে কারোর দ্বিমত না থাকায় সেগুলো দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) |
| ২ | ওয়েব পোর্টাল সংক্রান্ত | সভায় জানানো হয় যে, উপজেলার অধিকাংশ ওয়েবসাইটগুলোর ক্ষেত্রেই বিভিন্ন তথ্যাদি হালনাগাদ করা নেই। সভাপতি, সংশ্লিষ্ট তথ্যাদি যথাযথভাবে দ্রুত হালনাগাদ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। | দপ্তর প্রধান (সকল) |
| ৩ | ডি-নথি ব্যবহার সংক্রান্ত | সভায় অবহিত করা হয় যে, অত্র উপজেলায় ডি-নথিতে লাইভে আছে মাত্র ১৫ টি অফিস। সকল অফিসগুলোকে ডি-নথি লাইভে নেয়ার বিষয়টি জরুরি বলে উপস্থাপন করা হলে উপস্থিত সকলে একমত রয়েছেন মর্মে মত প্রকাশ করেন। তাছাড়া, সমবায় অফিসকে লাইভে নিয়ে আসার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | শীগ্রই সকল অফিসকে ডি-নথিতে লাইভে আনার ব্যবস্থা নিতে হবে। | দপ্তর প্রধান (সকল) |
| ৪ | সাইবার বুলিং সংক্রান্ত | কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ সংক্রান্ত কমিটি অনুযায়ী সাইবার বুলিং এর বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন মর্মে সদস্য সচিব | ৪.১ কিশোর-কিশোরী সাইবার অপরাধ বা সাইবার বুলিং এর শিকার হলে তাদের সহায়তা করতে হবে; | ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত), সহকারী |

CamScanner

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সভায় উপস্থাপন করেন। সভায় এও জানানো হয় যে, ৩৩৩ (৮), ১৩২১৯ এবং পুলিশের সাইবার ক্রাইম ইউনিটে এ সংক্রান্ত সহযোগিতা প্রদান করা হয়। তথ্য আপা, মহিলা বিষয়ক এবং যুব উন্নয়ন অফিসের মাধ্যমে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা যায় মর্মে সদস্য সচিব সভায় উপস্থাপন করেন। তাছাড়া, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন মর্মে উল্লেখ করা হলে সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | ৪.২ সাইবার অবরাধ বা সাইবার বুলিং সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৪.৩ কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ সংক্রান্ত উপজেলা কমিটির সভা আয়োজন করতে হবে। | প্রোগ্রামার (আইসিটি অফিসার) এবং স্কুল/কলেজের প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ৫ | উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের জমি বরাদ্দ সংক্রান্ত | সভায় জানানো হয় যে, সংশ্লিষ্ট প্রকল্পটি চলমান রয়েছে, বর্ণিত সেন্টার স্থাপনের জন্য জমির বরাদ্দ চূড়ান্ত করা প্রয়োজন। উপজেলা কমপ্লেক্সের ভেতরে বর্ণিত সেন্টার স্থাপন করার কার্যক্রম গ্রহণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | শীগ্রই উপজেলা কমপ্লেক্সের মধ্যে উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের স্থান নির্বাচন করে প্রতিবেদন দিতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) এবং উপজেলা প্রকৌশলী |
| ৬ | আইসিটিডি ডিজিটাল ল্যাব ও আইসিটিডি স্কুল অব ফিউচার পরিদর্শন সংক্রান্ত | সভাকে অবহিত করা হয় যে, ধনবাড়ীতে মোট ১৬ টি আইসিটিডি ল্যাব এবং ০১ টি আইসিটিডি স্কুল অব ফিউচার আছে এবং আগামী জুন মাসে ০৪টি ল্যাব পরিদর্শন করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। উল্লেখ্য বিগত মাসে ২য় পর্যায়ের দুটো ল্যাব আইসিটি বিভাগের সিনিয়র সহকারী সচিব এবং ইউএনও মহোদয় কর্তৃক পরিদর্শণ করা হয়। | ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। | সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) |
| ৭ | প্রকল্প বরাদ্দ সংক্রান্ত | অত্র উপজেলায় আইসিটি বিভাগ ও অধিদপ্তরের আওতাধীন চলমান প্রকল্পসমূহ যেমন, হার পাওয়ার প্রজেক্ট, ইডিসি প্রজেক্ট এর জনসম্পৃক্ত ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প বরাদ্দ প্রদান করার অনুরোধ করা যায় মর্মে সভায় আলোচনা হয়। | ৭.১ আইসিটি খাতে জনসম্পৃক্ত ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প বাজেট প্রাপ্তির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৭.২ ইডিসি প্রকল্পের সংযোগগুলো যথাযথ পরীক্ষা-নিরীক্ষা করতে হবে। | সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) |
| ৮ | সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন | সভায় আলোচনা হয় যে, আইসিটি সংশ্লিষ্ট যেমন, ডি-নথি, ওয়েব পোর্টাল, সাইবার বুলিং, সাইবার | সংশ্লিষ্ট সেমিনার ও প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার (উপজেলা |

CamScanner

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | সংক্রান্ত | সচেতনতা, ফ্রি-ল্যান্সিং, আইসিটি খাতে নারীর ক্ষমতায়ন ইত্যাদি প্রশিক্ষণ ও সেমিনারের আয়োজন করা যায় এবং সংশ্লিষ্ট বরাদ্দ দাবি করা যায়। তাছাড়া, স্কুল অব ফিউচারে কলেজের শিক্ষার্থীদের নিয়ে প্রোগ্রামিং প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, অদ্য বেলা ১০.০০ টা থেকে সাইবার বেস্ট প্র্যাক্টিজ সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হবে। | | আইসিটি অফিসার) |
| ৯ | বিবিধ | সভাপতি সংশ্লিষ্ট দপ্তরের প্রধানগণকে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া বিভিন্ন ফিশিং লিংকে ক্লিক করা থেকে বিরত থাকার পরামর্শ প্রদান করেন। | সকল ধরণের ফিশিং লিংকে ক্লিক করা থেকে বিরত থাকতে হবে। | দপ্তর প্রধান (সকল) |

২০.০৫.২৫

(মো: শাহীন মাহমুদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
ধনবাড়ী, টাঙ্গাইল

স্মারক নং: ৫৬.০৪.৯৩২৫.০০০.১৯.০০১.২০-

তারিখ: ২০/০৫/২০২৫ ইং

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা;
২. অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা;
৩. জেলা প্রশাসক, টাঙ্গাইল;
৪. জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), জেলা কার্যালয়, টাঙ্গাইল;
৫. দপ্তর প্রধান (সকল), ধনবাড়ী, টাঙ্গাইল;
৬. প্রশাসনিক কর্মকর্তা, ধনবাড়ী, টঙ্গাইল (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. সিএ টু ইউএনও/চেয়ারম্যান, ধনবাড়ী, টঙ্গাইল;
৮. অফিস কপি।

২০/০৫/২৫

(মো: নাঈম খান)
সহকারী প্রোগ্রামার (উপজেলা
আইসিটি অফিসার)

CamScanner